



আওয়ামী লীগ পুনর্বাসনে জামায়াতের ইন্ধনের অভিযোগ রিজভীর



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, আওয়ামী লীগকে পুনর্বাসনের ক্ষেত্রে জামায়াতে ইসলামীর ইন্ধন লক্ষ্য করা যাচ্ছে। তিনি আশঙ্কা প্রকাশ করেন, আওয়ামী লীগ পুনর্বাসিত হলে দেশ ফের সৈরাচারের শৃঙ্খলে আবদ্ধ হবে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ফ্যাসিস্ট আওয়ামী লীগের পুনর্বাসন হলে দেশের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনবে। এতে দেশ আবারও স্বৈরশাসনের জাঁতাকলে পিষ্ট হবে। তবে এই পুনর্বাসনে জামায়াতে ইসলামীর ইন্ধন লক্ষ্য করা যাচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ ব্রিফিংয়ে রিজভী এ বক্তব্য দেন। তিনি বলেন, আওয়ামী লীগ পুনর্বাসনের আগ্রহ দেখাচ্ছে এবং ভারতের সঙ্গে সম্পর্ক মজবুত করতে চাইছে, যার পেছনে জামায়াতের ভিন্ন উদ্দেশ্য থাকতে পারে। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, শেখ হাসিনার শাসনামলে যে গণহত্যার নির্দেশনা এসেছে, তার পেছনে ভারতের মদদ ছিল।

এ সময় সাম্প্রতিক ভোটের জরিপ প্রসঙ্গে রিজভী বলেন, এসব জরিপ নিয়ে আপাতত বিএনপির কোনো ভাবনা নেই।